# বোয়িংয়ের ক্ষতিপূরণ চুক্তি, স্বজনহারাদের ধিক্কার

- A Monitor Desk Report | Date: 26 May, 2025




**ঢাকাঃ যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের সাথে বিতর্কিত সমঝোতায় পৌঁছেছে দেশটির উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িং। যাতে ১০১ কোটি মার্কিন ডলার জরিমানা দেয়ার মধ্যে দিয়ে বোয়িংয়ের তৈরি দুটি ৭৩৭ ম্যাক্স উড়োজাহাজ দুর্ঘটনায় ৩৪৬ জন নিহত হওয়ার ঘটনায় অপরাধমূলক বিচারের মুখোমুখি হতে হবে না মার্কিন উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠানটিকে।**

মার্কিন সংবাদমাধ্যমের বরাতে এ খবর প্রকাশ করেছে তুরস্ক।

এই সমঝোতা ২০১৮ সালে লায়ন এয়ার ফ্লাইট ৬১০ এবং ২০১৯ সালে ইথিওপিয়ান এয়ারলাইন্স ফ্লাইট ৩০২ দুর্ঘটনার সূত্র ধরে গঠন করা হয়। এই দুই দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন মোট ৩৪৬ জন।

বিচার বিভাগ জানিয়েছে, এই বিপুল অঙ্কের অর্থের বেশিরভাগ ব্যয় করা হবে বোয়িংয়ের নিরাপত্তা, গুণমান ও নিয়ম মেনে চলার (কমপ্লায়েন্স) কর্মসূচি উন্নয়নে। এছাড়া ৪৪৫ মিলিয়ন ডলার সরাসরি ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে ক্ষতিপূরণ দেয়ার জন্য বরাদ্দ রাখা হয়েছে।

আদালতের নথিপত্র অনুযায়ী, এই সমঝোতার ফলে বোয়িংয়ের বিরুদ্ধে অপরাধমূলক বিচার শুরু হবে না, যদিও অভিযোগ ছিল তারা দুর্ঘটনার আগে ৭৩৭ ম্যাক্স উড়োজাহাজের নিরাপত্তা নিয়ে মার্কিন নিয়ন্ত্রকদের বিভ্রান্ত করেছিল। তবে অনেক নিহত ব্যক্তির পরিবারের স্বজনেরা এই চুক্তিকে কঠোরভাবে সমালোচনা করেছেন।

তারা বলেন, এ ধরনের ‘অপ্রসিকিউশন চুক্তি’ নজিরবিহীন এবং যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে প্রাণঘাতী করপোরেট অপরাধের জন্য এটি ‘স্পষ্টত ভুল সিদ্ধান্ত’।

স্বজনহারা পরিবারগুলোর আইনজীবী পল ক্যাসেল এক বিবৃতিতে বলেন, 'আমি যেসব পরিবারের প্রতিনিধি, তারা মনে করেন বোয়িংয়ের জন্য সবচেয়ে বড় জবাবদিহিতা হবে জনসমক্ষে বিচার হওয়া।'

তিনি জানান, তার মক্কেলরা এই চুক্তির বিরোধিতা করবেন এবং আদালতকে এটি প্রত্যাখ্যান করার অনুরোধ জানাবেন।

এদিকে, বোয়িং এ বিষয়ে কোনো মন্তব্য করতে অস্বীকৃতি জানালেও, বিচার বিভাগ সমঝোতাকে সমর্থন জানিয়েছে। আদালতীয় নথিতে বিচার বিভাগের কর্মকর্তারা বলেন, 'পরিবারগুলোর মতামত, ঘটনার বাস্তবতা ও আইনি প্রেক্ষাপট, সরকারি নীতিমালা এবং পেশাগত নৈতিক দায়িত্ব বিবেচনায় এই সমঝোতাই সর্বোত্তম ও ন্যায্য সিদ্ধান্ত, যা জনগণের স্বার্থ রক্ষা করে।'

পরিবারগুলো যদিও বহু বছর ধরে একটি উন্মুক্ত অপরাধবিচার, বোয়িং কর্মকর্তাদের বিচারের আওতায় আনা এবং কঠিন আর্থিক শাস্তির দাবি জানিয়ে আসছিল, তারপরও বিচার বিভাগ বলছে, 'এই সমঝোতাই বাস্তবিক সুবিধাসহ সবচেয়ে সুবিবেচনাপূর্ণ সমাধান।'

বিচার বিভাগের এক বিবৃতিতে বলা হয়, 'এই সমঝোতা হয়তো নিহতদের শূন্যতা পূরণ করতে পারবে না, তবে এটি বোয়িংকে আর্থিকভাবে জবাবদিহির আওতায় আনে, ভুক্তভোগী পরিবারগুলোকে ক্ষতিপূরণ দেয় এবং ভবিষ্যতের যাত্রীদের নিরাপত্তায় গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে।'

-B